

পরিস্থিতি স্বাভাবিক হলে পার্বত্যঞ্চলে নিষেধাজ্ঞা তুলে নেয়া হবে

- A Monitor Desk Report

Date: 20 October, 2024



বান্দরবান: পার্বত্য অঞ্চলের সাম্প্রতিক পরিস্থিতি স্বাভাবিক হলে তিন পার্বত্য জেলার পর্যটক ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে দেওয়া হবে বলে জানান ধর্ম বিষয়ক উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন।

রবিবার (২০ অক্টোবর) সকালে বান্দরবান জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের জন্য প্রস্তাবিত প্রকল্পের বিভিন্ন স্থান পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

দীর্ঘদিন জায়গা নির্বাচন নিয়ে জটিলতায় বান্দরবান জেলা মডেল মসজিদটির নির্মাণকাজ শুরু করা সম্ভব হয়নি। ধর্ম মন্ত্রণালয় উপদেষ্টার বান্দরবান সফরে সেই জটিলতা নিরসন হবে বলে মনে করছেন সাধারণ মানুষ।

এসময় উপদেষ্টা জেলা শহরের স্টেডিয়াম এলাকা, নিউ গুলশান ও মেঘলা এলাকায় প্রস্তাবিত তিনটি স্থান ঘুরে দেখেন।

পরিদর্শন শেষে উপদেষ্টা সাংবাদিকদের বলেন, মডেল মসজিদের জন্য প্রস্তাবিত স্থানগুলো দেখেছি সবগুলো জায়গাই সুন্দর। সম্ভাব্য স্থান নির্ধারণে আমাদের কারিগরি টিম রয়েছে তারাসহ বসে সিদ্ধান্ত নেওয়া হবে কোন জায়গায় মডেল মসজিদটি নির্মিত হবে। এমন জায়গায় মসজিদটি নির্মাণ করা হবে যেখানে জনগণের ইচ্ছার প্রতিফলন হবে।

পরে উপদেষ্টা পার্বত্য জেলার সমসাময়িক বিষয় নিয়ে সাংবাদিকদের সঙ্গে মিলিত হন। পর্যটন প্রশ্নে তিনি বলেন, পার্বত্য অঞ্চলে পাহাড়ি, বাঙালির মাঝে সম্প্রীতি বজায় রাখতে জেলা প্রশাসনসহ সব আইনশৃঙ্খলা বাহিনী কাজ করছে। পার্বত্য অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় সংশ্লিষ্ট জেলা প্রশাসনের পরামর্শে সরকার তিন পার্বত্য জেলাতেই একই ভাবে নিষেধাজ্ঞা দিয়েছে। পরিস্থিতি স্বাভাবিক হলে শীঘ্রই পর্যটকদের জন্য ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে দেওয়া হবে।

এ সময় ধর্ম মন্ত্রণালয়ের সচিব মু.আ. হামিদ জমাদ্দার, জেলা প্রশাসক শাহ মোজাহিদ উদ্দিন, জেলা পুলিশ সুপার, শহীদুল্লাহ কাওছারসহ

সরকারি দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তা এবং সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

-B